



## নজরুল বিশ্ববিদ্যালয়ে ব্র্যাক লার্নিং সেন্টার চালু

জাককানইবি প্রতিনিধি

প্রকাশিত : ০৮:১২ পিএম, ৭ ডিসেম্বর ২০১৮ শুক্রবার |

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (জাককানইবি)’র বিভিন্ন বিভাগের ১৫০ জন নারী শিক্ষার্থীর অংশগ্রহণে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) প্রশিক্ষণ শুরু হয়েছে। মাসব্যাপী এ নারী উদ্যোক্তা প্রশিক্ষণ কর্মসূচি ইউএন ওমেন এর ‘এমপাওয়ারড ওমেন পিসফুল কমিউনিটিস প্রকল্পের আওতায় বাস্তবায়িত হচ্ছে।

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় (জাককানইবি) এর বিভিন্ন বিভাগের ১৫০ জন নারী শিক্ষার্থী এ বছরের নভেম্বর ও ডিসেম্বর মাস জুড়ে উদ্যোক্তা হওয়ার জ্ঞান এবং বিভিন্ন কৌশল অর্জনের উপর এই প্রশিক্ষণের সুযোগ পাবে।

এই প্রশিক্ষণগুলোতে নারী শিক্ষার্থীরা তাদের নিজেদের অভিজ্ঞতা, অর্জন ও ব্যর্থতাগুলোর পর্যালোচনাসহ কিভাবে একজন সামাজিক উদ্যোক্তা সকলের অংশগ্রহণ নিশ্চিত করে সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা করতে পারে তা জানতে পারবে। এই প্রশিক্ষণের মাধ্যমে নারী শিক্ষার্থীরা সমাজের বিভিন্ন সমস্যা চিহ্নিত করবে এবং সমাধানের জন্য সৃষ্টিশীল ও বাস্তবসম্মত প্রকল্প প্রস্তাবনা তৈরি করবে।

উল্লেখ্য, গত ১২ আগষ্ট ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের মধ্যে এই প্রকল্প বাস্তবায়নের জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ‘এমপাওয়ারড ওমেন, পিসফুল কমিউনিটিস প্রকল্পের লোকাল ফ্যাসিলিটর জাককানইবি’র লোক-প্রশাসন বিভাগের প্রভাষক অলিউল্লাহ জানান, এই প্রকল্পের আওতায় নারী শিক্ষার্থী সামাজিক উদ্যোক্তা প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে একটি অংশগ্রহণমূলক ও শান্তিপূর্ণ সমাজ গঠনে ব্রতী হবে।

কেআই// আরকে